গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ
আইসিটি শাখা
www.sirajganj.gov.bd

জুলাই/২০২৪ মাসের জেলা ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	মীর মোহাম্মদ মাহবুবুর রহমান জেলা প্রশাসক
সভার তারিখ	২৫/০৭/২০২৪
সভার সময়	দুপুর ১২:৪৫
স্থান	শহিদ এ.কে শামসুদ্দিন সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ।
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর বিগত সভার কার্যবিবরণী ও সিদ্ধান্তসমূহ পাঠ করার জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) কে অনুরোধ জানানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতক্রমে দৃঢ়ীকরণ করা হয়। উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নির্ভর কর্মসম্পাদনের মাধ্যমে জনকল্যাণ ও উন্নয়নমুখী সেবাসমূহ সহজ, স্বচ্ছ ও জবাবদিহিতার ভিত্তিতে জনগণের দোরগোড়ায় পৌঁছে দেয়ার অভিপ্রায়ে উদ্ভাবন কর্মপরিকল্পনা গ্রহণের বিষয় সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

আলোচ্য বিষয়	বিষয়বস্তু	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১. ডি-নথির ব্যবহার বৃদ্ধি	জেলা ও উপজেলা পর্যায়ের সকল অফিসসমূহে ডি-নথির ব্যবহার বিষয়ে আলোচনা করা হয়। ডি-নথির কার্যক্রম আরো গতিশীল করার জন্য ডি-নথি ব্যবহারকারীগণের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। যে সমস্ত কর্মকর্তা এবং কর্মচারী ডি-নথির ইউজার তাদের প্রত্যেককে প্রশিক্ষণ প্রদান নিশ্চিত করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এছাড়া যে সমস্ত কর্মকর্তা এবং কর্মচারী বদলী হয়ে অন্যত্র চলে যায় এবং এ কার্যালয়ে যোগদান করেন তাদের ইউজার আইডি রিলিজ এবং যোগদান কার্যক্রম অতিদ্রুত সম্পন্ন করার বিষয়ে সভায় আলোচনা হয়। এছাড়া সম্প্রতি কয়েক দিন সারাদেশে ইন্টারনেট না থাকায় ডি-নথিতে আগত পত্রগুলো অতিদ্রুত নিষ্পত্তি করার বিষয়ে আলোচনা করা হয়।	ডি-নথি কার্যক্রম বৃদ্ধির জন্য এখনো যারা প্রশিক্ষণ পায়নি তাদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে ডি-নথির ব্যবহার বৃদ্ধি করতে হবে। যে সমস্ত কর্মকর্তা এবং কর্মচারী বদলী হয়ে অন্যত্র চলে যায় এবং এ কার্যালয়ে যোগদান করেন তাদের ইউজার আইডি রিলিজ এবং যোগদান কার্যক্রম অতিদ্রুত নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। ইন্টারনেট সমস্যার কারণে ডি-নথিতে আগত অনিষ্পন্ন পত্রগুলো দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে।	০১. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) ০২. উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিরাজগঞ্জ ০৩. সহকারী কমিশনার (ভূমি) সকল, সিরাজগঞ্জ

০২. ওয়েব পোর্টাল হালনাগাদকরণ	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক প্রেরিত ৫৬.৪২.০০০০.০১৩.৯৯.০০১.২১. ২১ নম্বর স্মারক অনুযায়ী এ জেলাধীন সকল সরকারি দপ্তরের তথ্য বাতায়ন হালনাগদ ও প্রশিক্ষণ সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়।	জেলা এবং উপজেলা পর্যায়ের প্রত্যেকটি অফিস/প্রতিষ্ঠানের তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদ করার জন্য প্রতিটি দপ্তরকে তৎপর হতে হবে। বিশেষ করে যেসকল কর্মকর্তা এ জেলা থেকে অন্যত্র বদলী হয়ে চলে যায় এবং যারা আগমন করেন তারেন তাদের তথ্য ওয়েব সাইটে হালনাগদ করতে হবে।	০১. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) ০২. উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিরাজগঞ্জ
০৩. উপজেলা ইনোভেশন টিম	উপজেলা ইনোভেশন টিমের সদস্যগণের নিয়ে প্রতি মাসে সভা করা এবং সভার কার্যবিবরণী স্ব-স্ব ইনোভেশন কর্ণারে আপলোড করার বিষয়ে আলোচনা হয়।	উপজেলা ইনোভেশন টিমের সদস্যদের নিয়ে প্রতি মাসে সভা করে সভার কার্যবিবরণী পরবর্তী মাসের ০১ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিরাজগঞ্জ
০৪. ইনোভেশন আইডিয়ার তালিকা ও বাস্তবায়ন	জেলা ও উপজেলা পর্যায়ের ইনোভেশন আইডিয়ার তালিকা ও বাস্তবায়ন করার বিষয়ে আলোচনা হয়। উপজেলা পর্যায়ে প্রেরিত ইনোভেশন আইডিয়াগুলো বাস্তবায়ন সংক্রান্ত হালনাগদ তথ্য প্রেরণের বিষয়ে সভায় আলোচনা করা হয়।	ইনোভেশন আইডিয়ার বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে নিয়মিত জেলা ইনোভেশন কমিটিকে হালনাগদ তথ্য অবহিত করতে হবে।	০১. উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিরাজগঞ্জ। ০২. সহকারী প্রোগ্রামার (সকল), উপজেলা, সিরাজগঞ্জ
০৫. মাইগভ প্রশিক্ষণ কার্যক্রম ও সেবা চালুকরণ	জেলা প্রশাসন, সিরাজগঞ্জ এবং এটুআই প্রোগ্রামর এর সহযোগীতায় এ জেলায় মাইগভ প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। এ জেলার ১০ (দশ) টি সেবা মাইগভ এর মাধ্যমে প্রদান করা হবে।	মাইগভ এর মাধ্যমে ১০ (দশ) টি সেবা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
০৬. সরকারি কর্মচারী ব্যবস্থাপনা পদ্ধতি (GEMS) চালুকরণ	সরকারি কর্মচারীগণের যাবতীয় তথ্য অনলাইনে সংরক্ষণের জন্য Governmetn Employeed Management System (GEMS) নামে একটি তথ্য বাতায়ন চালু করা হয়েছে। এ কার্যালয় এবং এর আওতাধীন অফিসে কর্মরত কর্মকর্তা এবং কর্মচারীগণের তথ্য উক্ত বাতায়নে আপলোডে করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	এ কার্যালয় এবং এর আওতাধীন সকল অফিসে কর্মরত কর্মকর্তা এবং কর্মচারীগণকে অতিদ্রুত Governmet Employeed Management System (GEMS) এ তথ্য আপলোডের নিমিত্ত তথ্য প্রদান করতে হবে।	০১. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) ০২. উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিরাজগঞ্জ ০৩. সহকারী প্রোগ্রামার (সকল), উপজেলা, সিরাজগঞ্জ

০২। সভার অন্য কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৯-০৭-২০২৪
মীর মোহাম্মদ মাহবুবুর রহমান
জেলা প্রশাসক
০২৫৮৮৮৩০৩৩৫
dcsirajganj@mopa.gov.bd

নম্বর: ০৫.৪৩.৮৮০০.০২৩.৩৯.০০১.২০.৩২

তারিখ: ১৪ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ
২৯ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;

২। বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী;

৩। প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম;

৪। পুলিশ সুপার, পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, সিরাজগঞ্জ;

৫। সিভিল সার্জনের কার্যালয়, সিরাজগঞ্জ;

৬। উপ পরিচালক, স্থানীয় সরকার এর গোপনীয় শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ;

৭। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), শিক্ষা ও আইসিটি (গোপনীয় শাখা), জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ;

৮। উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিরাজগঞ্জ;

৯। সহকারী কমিশনার (ভূমি) (সকল), সিরাজগঞ্জ;

১০। যুব উন্নয়ন অধিদপ্তর, সিরাজগঞ্জ।;

১১। সমাজসেবা অধিদপ্তর, সিরাজগঞ্জ।;

১২। জেলা শিক্ষা কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস, সিরাজগঞ্জ;

১৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিস, সিরাজগঞ্জ;

১৪। জনাব---

--সিনিয়র সহকারী কমিশনার/ সহকারী কমিশনার, ;

১৫। ব্যবস্থাপক, বিটিসিএল, সিরাজগঞ্জ। এবং

১৬। অফিস, কপি।।

২৯-০৭-২০২৪
মীর মোহাম্মদ মাহবুবুর রহমান
জেলা প্রশাসক

সকল সংযুক্তিসমূহ:

(১) সভার নোটিশ